দৈনিক সংবাদ

২

তারিখ 07 APR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

### শাহাবুদ্দিনের সঙ্গে চাকসু প্রতিনিধিদলের সাক্ষাৎ

## তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করার দাবী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (চাকসু) সাত সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল রাষ্ট্রপতির সচিবালয়ে অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদের সঙ্গে সাক্ষাৎ করে। খবর বাসস'র।

প্রতিনিধিদলটি অস্থায়ী রাষ্ট্রপতির কাছে কয়েকটি দাবীসহ একটি স্মারকলিপি পেশ করে। এগুলোর মধ্যে রয়েছে ক্যাম্পাসে ২২ শে ডিসেম্বরের ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের শাস্তি প্রদান এবং এ ব্যাপারে ইতিমধ্যে সরকারের কাছে পেশকৃত তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করা। উল্লেখ্য, ২২শে ডিসেম্বরের ঘটনায় ফারুকুজ্জামান নামে এক ছাত্র নিহত হয়।

এছাড়াও চাকসু নেতৃবৃন্দ ছাত্রদের জন্য আরো দু'টি আবাসিক হল নির্মাণ ও পরিবহন সমস্যা সমাধানের জন্য একটি বাস প্রদানেরও দাবী জানান।

বিচারপতি শাহাবুদ্দিন ছাত্র নেতাদের জানান যে, তিনি ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ কিংবা সুপারিশের জন্যে তদন্ত কমিশনের রিপোর্ট শিক্ষামন্ত্রীর কাছে পাঠিয়েছেন।